গাংনীর চাঞ্চল্যকর পুলিশ কনস্টেবল হত্যা মামলায় ৪ জনের যাবজ্জীবন

মেহেরপুরে চাঞ্চল্যকর পুলিশ কনস্টেবল আলা উদ্দীন হত্যা মামলায় ৪ আসামির যাবজ্জীবন জেল দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার বেলা পৌনে ১২ টার সময় এক জনাকীর্ণ আদালতে অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষণা করেন।

একই আদালত একই ঘটনায় অপর একটি মাদক মামলায় আসামিদের ৭ বছর কারাদন্ড, ১০ হাজার টাকা করে জরিমানা অনাদায়ে আরো ৩ মাসের বিনাশ্রম কারাদণ্ডাদেশ দেন। মামলায় বাকি ২ আসামিকে বেকসুর খালাস দেওয়া হয়েছে।

দণ্ডপ্রাপ্ত আসামিরা হলেন- কুষ্টিয়া জেলার মিরপুর উপজেলার বলিদাপুর গ্রামের আব্দুল মালেকের ছেলে সোহেল (৪৫), মৃত জামাত আলীর ছেলে রুবেল (২৮), সোনা উল্লাহর ছেলে শাকিল হোসেন (২৮) ও কালু মন্ডলের ছেলে আনিচ (৩৫)।

খালাসপ্রাপ্তরা হলেন- কুষ্টিয়া জেলার দৌলতপুর উপজেলার ধর্মদহ গ্রামের আব্দুস সামাদের ছেলে আবু বকর সিদ্দিক ও একই গ্রামের আজাহার আলীর ছেলে আতিয়ার রহমান।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৫ সালের ২৪ জুলাই সন্ধ্যা সাড়ে ৭ টার দিকে গোপন সংবাদের ভিত্তিতে গাংনী উপজেলার সাহেবনগর তালতলা মোড় নামক স্থানে পিরতলা পুলিশ ফাঁড়ির ইনচার্জ এএসআই সুবীর রায় ও তার সঙ্গীয় ফোর্সসহ মাদক বিরোধী অভিযান পরিচালনা করেন।

এসময় কাজিপুর থেকে একটি সাদা মাইক্রোবাস আসতে দেখে পুলিশের ওই দলটি গাছের গুড়ি রাস্তায় ফেলে মাইক্রোবাসটিকে গতিরোধ করে। এসময় নিজেদের গায়ে টর্চের আলো ফেলে পুলিশ পরিচয় দিয়ে মাইক্রোবাসের চালককে নেমে আসতে বলেন।

পরে ফেনসিডিল বহণকারী মাইক্রোবাসটি বিপরীত দিকে চালিয়ে পালানো

চেষ্টা করে। এসময় কনস্টেবল আলাউদ্দীন তার রাইফেলের বাট দিয়ে চালকের সামনের কাচ ভেঙ্গে দেন।

এসময় মাইক্রোবাসটি থেমে যায়। পরে পুলিশের কনেস্টবল আলাউদ্দীনকে তারা ধাক্কা দিয়ে মাইক্রোবাসের বাম্পারের সাথে বাধিয়ে টেনে ছেঁচড়িয়ে প্রায় দেড় কিলোমিটার দুরে হাড়াভাঙ্গা মাদ্রাসার সামনে নিয়ে ফেলে রেখে পালিয়ে যায়।

পরে তাকে উদ্ধার করে কুষ্টিয়া জেনারেল হাসপাতালে ভর্তি করলে চিকিৎসাধীন অবস্থায় রাত ৯টার সময় মারা যান তিনি।

পরের দিন ২৫ জুলাই সকালের দিকে কুষ্টিয়ার মিরপর উপজেলার বলিদাপাড়া থেকে ওই মাইক্রোবাসটি (যার নং কুষ্টিয়া-চ-০২-০০১১) মামলার প্রধান আসামি আনিছ বাড়ির পাশে একটি বাঁশ বাগান থেকে জব্দ করা হয়। এসময় মাইক্রোবাসের সীটের নিচ থেকে ৫০ বোতল ফেনসিডিল জব্দ করা হয়।

এ ঘটনায় পরের দিন ২৫ জুলাই পিরতলা পুলিশ ক্যাম্পের তৎকালিন আইসি সুবীর রায় বাদী হয়ে এ ঘটনায় ১৯৭৪ সালের স্পেশাল ক্ষমতা আইনে হত্যা ও মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে পৃথক দুটি মামলা দায়ের করেন।

মামলার তদন্তকারী কর্মকর্তা গাংনী থানার তদন্ত অফিসার মুক্তার আলী ২০১৫ সালের ২৯ ডিসেম্বর ৬ জনকে আসামি করে আদালতে অভিযোগপত্র দাখিল করেন। হত্যা মামলায় ১৬ জন এবং মাদক মামলায় ১২ জন সাক্ষী সাক্ষ্য প্রদান করেন।

মামলায় সরকার পক্ষে অতিরিক্ত পাবলিক প্রসিকিউটর কাজী শহিদুল হক এবং আসামী পক্ষে মারুফ আহম্মেদ বিজন, কামরুল হাসান ও খন্দকার আব্দুল মতিন আইনজীবীর দায়িত্ব পালন করেন।

সরকার পক্ষের আইনজীবী কাজী শহিদুল হক বলেন, মামলার নথিপত্র পর্যালোচনা ও স্বাক্ষীদের সাক্ষ্যে দোষী প্রমাণিত হওয়ায় বিজ্ঞ বিচারক ৪ জন আসামিকে যাবজ্জীবন কারাদÐ দিয়েছেন বিজ্ঞ আদালত। এটা ন্যায় বিচারের একটি প্রতীক হয়ে থাকবে।

আসামী পক্ষের আইনজীবি অ্যাডভোকেট মারুফ আহমেদ বিজন বলেন, রায় ভাল হয়েছে। তবে মামলার তদন্তকারী অফিসার যথেষ্ট ত্রুটি রেখে চার্জশীট দিয়েছেন। আমরা পরবর্তিতে উচ্চ আদালতে যাবো।

মেহেরপুরে পুলিশের অভিযানে গ্রেফতার ৫, মাদক উদ্ধার

মেহেরপুরে পুলিশের অভিযানে বিভিন্ন মামলায় আদালতের পরোয়ানাভূক্ত ৫ জন আসামী গ্রেফতার হয়েছে। এদের মধ্যে সদর থানা পুলিশ আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ জন ও মুজিবনগর থানা পুলিশ অভিযান চালিয়ে আদালতের পরোয়ানাভূক্ত জিআর মামলার ১ জন ও সিআর মামলার ৩ আসামী গ্রেফতার করেছে।

এদিকে গাংনী থানা পুলিশের অভিযানে পরিত্যক্ত অবস্থায় ৩০ পিচ ইয়াবা, ১০০ গ্রাম গাঁজা, ২ গ্রাম হেরোইন ও একটি ছাগল উদ্ধার করেছে। এছাড়া সদর থানায় উদ্ধার হয়েছে ৪ পিচ ইয়াবা।

বুধবার সকাল থেকে আজ বৃহস্পতিবার (২১ জুলাই) ভোররাত পর্যন্ত জেলার বিভিন্ন স্থানে অভিযান চালিয়ে এসব আসামী গ্রেফতার করে পুলিশ।

গাংনী থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) আব্দুর রাজ্জাক, সদর ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপপরিদর্শক) মেজবাহ উদ্দীন আহম্মেদ ও মুজিবনগর ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মেহেদী রাসেল এসব অভিযানে নেতৃত্ব দেন।
মেহেরপুর পুলিশ সুপারের কন্ট্রোলরুম এ তথ্য নিশ্চিত করেছে।

আজ বৃহস্পতিবার গ্রেফতারকৃত আসামীদের আদালতের মাধ্যমে মেহেরপুর জেল হাজতে প্রেরণ করা হয়েছে।

দামুড়হুদায় শেখ হাসিনার উপহার

হিসাবে ঘর পাচ্ছেন ভূমিহীন ৫৩ পরিবার

দামুড়হুদায় দ্বিতীয় ধাপে তৃতীয় পর্যায়ে প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার হিসাবে ঘর পাচ্ছেন ভূমি ও গৃহহীন ৫৩ পরিবার।

বুধবার বিকাল ৪ টায় দামুড়হুদা উপজেলার হল রুমে নির্বাহী অফিসার সানজিদা বেগম প্রেস ব্রিফিংয়ের মাধ্যমে সাংবাদিকদের জানায়।

আগামীকাল বৃহস্পতিবার সকাল ১০টায় সারা বাংলাদেশে একযোগে ২৬২২৯ টি ভৃমি ও গৃহহীন পরিবারকে আনুষ্ঠানিকভাবে দুই শতক জমির দলিলসহ এই ঘরের চাবি ভৃমিহীন পরিবারকে দেয়া হবে। বিষয়টি সংবাদ সম্নেলনে নিশ্চিত করেছেন দামুড়হুদা উপজেলা নির্বাহী অফিসার সানজিদা বেগম।

আরও পড়ুন মুজিবনগরে আবারো প্রধানমন্ত্রীর উপহারের ঘর পাচ্ছেন ৬ পরিবার

প্রধানমন্ত্রী শেখ হাসিনার উপহার ঘর পাচ্ছেন দামুড়হুদা উপজেলার জুড়ানপুর ইউনিয়নের জুড়ানপুর গ্রামের ২ পরিবার, একই ইউনিয়নের লক্ষীপুর গ্রামের ৮পরিবার, নতিপোতা ইউনিয়নের হেমায়েতপুর গ্রামের ৭টি পরিবার, কার্পাসডাঙ্গা ইউনিয়নের কার্পাসডাঙ্গা গ্রামের ২১টি পরিবার,পারকৃষ্নপুর মদনা ইউনিয়নের নাস্তিপুর গ্রামের ১০ পরিবার, হাউলী ইউনিয়নের দর্শনা রেলগেট সংলগ্ন ২টি পরিবার ও নাটুদহ ইউনিয়নের চারুলিয়া গ্রামের ৩টি ভৃমিহীন পরিবার। সর্বমোট ৫৩টি পরিবার পাচ্ছেন প্রধানমন্ত্রীর উপহার।

সংবাদ সম্মেলনে উপস্থিত ছিলেন দামুড়হুদা ভূমি এসিল্যান্ড সু দীপ্ত সিংহ দামুড়হুদা প্রেস ক্লাবের সাধারন সম্পাদক বকুল আহম্মেদ, কালের কন্ঠের উপজেলা প্রতিনিধি হাবিবুর রহমান হবি, দর্শনা প্রেসক্লাবের সভাপতি আওয়াল হোসেন, সহ সভাপতি মোজাম্মেল হক, দর্শনা প্রেসক্লাবের সাবেক সভাপতি ইকরামুল হক পিপুল, সাবেক সাধারন সম্পাদক আহসান হাবীব মামুন, যায়যায়দিনের দামুড়হুদা প্রতিনিধি হাসমত আলী, মিরাজুল ইসলাম মিরাজ।

কুষ্টিয়ায় সেনাবাহিনী পরিচয়ধারী প্রতারক আটক

কুষ্টিয়ায় সেনাবাহিনী পরিচয়ে চাকুরী দেওয়ার প্রলোভন দেখিয়ে চাকুরী প্রত্যাশীদের নিকট হতে বিপুল পরিমান টাকা হাতিয়ে নেওয়া মোঃ রাকিবুল ইসলাম (২৪) নামে এক প্রতারককে আটক করেছে র্যাব।

বুধবার বিকেলের দিকে সিপিসি-১ কুষ্টিয়া ক্যাম্পের স্কোয়াড কমান্ডার সিনিঃ এএসপি মোঃ আবুল কালাম আজাদ এর নেতৃত্বে একটি চৌকষ আভিযানিক দল গোপন সংবাদের ভিত্তিতে কুষ্টিয়া শহরতলীর চৌড়হাস আর্দশপাড়া থেকে একটি বিশেষ অভিযান পরিচালনা করে তাকে আটক করে।

আটককৃত প্রতারক মোঃ রাকিবুল ইসলাম কুষ্টিয়ার মিরপুর উপজেলার ধুবইল এলাকার মোঃ আব্দুর রহমানের ছেলে।

সিপিসি-১ কুষ্টিয়া ক্যাম্পের স্কোয়াড কমান্ডার সিনিঃ এএসপি মোঃ আবুল কালাম আজাদ জানান, কুষ্টিয়ায় সাম্প্রতিক সময়ে সেনাবাহিনী ও অন্যান্য সরকারী চাকুরীজীবি পরিচয়ে সরকারী ও বেসরকারী চাকুরী দেওয়ার প্রলোভন দেখিয়ে অনেক প্রতারক চক্র চাকুরী প্রত্যাশীদের নিকট হতে বিপুল পরিমান টাকা হাতিয়ে নিচ্ছিলো।

এমন অভিযোগের ভিত্তিতে কুষ্টিয়া শহরতলীর চৌড়হাস আর্দশপাড়া থেকে প্রতারক মোঃ রাকিবুল ইসলামকে আটক করা হয়েছে।

এসময় আসামীর নিকট হতে সেনাবাহিনীর ইউনিফর্ম ৩সেট, সেনাবাহিনীর বুট ১ সেট, সেনাবাহিনীর আইডি কার্ড ১টি, সেনাবাহিনীর বেল্ট ১টি, সেনাবাহিনীর ড্রাইভিং লাইসেন্স ১টি, সেনাবাহিনীর ফিল্ড ক্যাপ ১টি, সেনাবাহিনীর কাপড়ের মাস্ক ১টি, সেনাবাহিনীর ড্রেস

পরিহিত ছবি ৫টি, ন্যাশনাল আইডি কার্ড ১টি, মোবাইল ফোন ১টি এবং সীম কার্ড ১টি, উদ্ধার করা হয়। প্রাথমিক জিজ্ঞাসাবাদে আসামী তার নিজের অপরাধ স্বীকার করে এবং বহু লোককে চাকুরী দেওয়ার কথা বলে টাকা আত্মসাৎ করেছে বলে জানায়। উদ্ধারকৃত আলামত সহ ধৃত আসামীর বিরুদ্ধে কুষ্টিয়া সদর মডেল থানায় একটি প্রতারনার মামলা দায়ের করা হয়েছে।

দর্শনায় পূবালী ব্যাংকের উপ শাখার উদ্বোধন

দর্শনায় পূবালী ব্যাংক লিমিটেডের উপ শাখার উদ্বোধন করা হয়েছে। বুধবার বেলা ১২ টায় দর্শনা রেল বাজারস্থ হাসেম প্লাজার ২য় তলায় এ উপ শাখার উদ্বোধন করা হয়।

এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের উপ মহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান।

এসময় তিনি বলেন, এ অঞ্চলের মানুষের ব্যাংকের মাধ্যমে অর্থনৈতিক লেনদেনের সুবিধার্থে এ শাখা স্থাপন করা হলো। স্থানীয় ব্যবসায়ীসহ সাধারন মানুষ যাতে এ ব্যাংক থেকে সর্বাত্মক সেবা পেতে পারে সে জন্য আমরা আপ্রাণ চেষ্টা করবো।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক কাজী সিহাবুল ইসলাম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিসার ও আলমডাঙ্গা শাখার ব্যবস্থাপক মোঃ জাহাঙ্গীর আলম, প্রিন্সিপাল অফিসার ও শরৎগঞ্জ শাখার ব্যবস্থাপক মোঃ সেলিম রেজা,দর্শনা থানার ওসি অপারেশন নিখিল অধিকারী, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা উপ শাখার ভবন মালিক আবুল হাশেম, বিশিষ্ট ব্যাবসায়ী জাহাঙ্গীর হোসেন, রবিউল ইসলাম, এহসান আলী প্রমুখ।

এ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অত্র ব্যাংকের আঞ্চলিক কার্যলয়ের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।

মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রির অভিযোগে দুটি দোকানে ২০ হাজার টাকা জরিমানা

মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, মুল্য তালিকা প্রদর্শন না করা, মেয়াদ মূল্য বিহীন পণ্য বিক্রয় এবং মেয়াদ উত্তীর্ণ বীজ বিক্রি ও অন্য প্রতিষ্ঠানের নামে বীজ প্যাকেটজাত করার অপরাধে গাংনী উপজেলা শহরের একটি মুদি ও একটি বীজের দোকানে অভিযান চালিয়ে ২০ হাজার টাকা অর্থদন্ড করেছে জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতর পরিচালিত ভ্রাম্যমান আদালত।

বুধবার জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদপ্তর, মেহেরপুর জেলা কার্যালয় কর্তৃক সহকারী পরিচালক সজল আহমেদ এর নেতৃত্বে দোকান দুটিতে এ ভ্রাম্যমাণ আদালত পরিচালিত হয়।

জাতীয় ভোক্তা অধিকার সংরক্ষণ অধিদফতরের চুয়াডাঙ্গা আঞ্চলিক অফিসের সহকারী পরিচালক সজল আহমেদ জানান মেয়াদ উত্তীর্ণ পণ্য বিক্রয়, মুল্যতালিকা প্রদর্শন না করা, মেয়াদ মূল্য বিহীন পণ্য বিক্রয়ের অপরাধে গাংনী শহরের উত্তরপাড়া এলাকার মেসার্স শফিকুল স্টোরকে ভোক্তা অধিকার সংরক্ষণ আইন-২০০৯ এর ৩৮ ও ৫১ ধারায় ১০ হাজার টাকা ও মেসার্স মেহেদী বীজ ভান্ডারকে মেয়াদ উত্তীর্ণ বীজ বিক্রয় ও অন্য প্রতিষ্ঠানের নামে বীজ প্যাকেটজাত করে বিক্রয়ের অপরাধে ৪৫ ও ৫১ ধারায় ১০ হাজার টাকা জরিমানা করা হয়েছে।

অভিযানে জব্দকৃত বিপুল পরিমাণ মেয়াদ উত্তীর্ণ পণ্য ও বীজ জব্দ করে তা প্রকাশ্যে আগুন দিয়ে পুড়িয়ে দেওয়া হয়। এসময় জেলা তথ্য কর্মকর্তা মোঃ আব্দুল্লাহ আল মামুন, জেলা কৃষি বিপণন কর্মকর্তা মোঃ তারিকুল ইসলাম, জেলা নিরাপদ খাদ্য অফিসার রিয়াজ মাহমুদ উপস্থিত ছিলেন।

অভিযানে মুদিখানা, তেল, বীজ ভান্ডারসহ নিত্যপ্রয়োজনীয় পণ্যের বিভিন্ন প্রতিষ্ঠান তদারকি করা হয়। এছাড়া সামাজিক সচেতনতা বৃদ্ধিতে ভোক্তা ও ব্যবসায়ীদের মাঝে লিফলেট বিলি করা হয়। জনস্বার্থে আগামীতেও এ অভিযান অব্যাহত থাকবে বলে জানান তিনি।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের বিভিন্ন কাজে অনিয়মের অভিযোগ, দুদকের অভিযান

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপবিভাগীয় প্রকৌশলী ও সাব এ্যাসিষ্টেন্ট ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে দূর্ণীতির অভিযোগ পাহাড় সমান।নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে রাস্তা মেরামতের নামে অর্থ লোপাট, রাস্তা নির্মাণ শুরুর আগেই ঠিকাদারদের অতিরিক্ত অর্থ প্রদানসহ নানা ধরণের অনিয়ম ও দূর্ণীতির অভিযোগ তাদের বিরুদ্ধে।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাদের এসব অনিয়ম ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ দুর্নীতি দমন কমিশন (দুদক) কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ে উদ্যোগে ব্যাপক অভিযান চালিয়েছে।

দুদক কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক নীল কমল পালের নেতৃত্বে সমন্বিত জেলা কার্যালয় কুষ্টিয়ার উপ-সহকারী পরিচালক মাহিদুল ইসলাম, আতিকুর রহমান, আবু তালহার নেতৃত্বে আজ বুধবার (২০ জুলাই) দুপুরের দিকে এ অভিযান চালানো হয়।

দুদকের অভিযানে সময় মেহেরপুর সওজ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী (এসডি)মিজানুর উপস্থিত থাকলেও মেহেরপুর সড়ক ও জনপথ নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলামসহ অন্যান্য সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়াররা অনুপস্থিত ছিলেন ।

তবে, একটি সূত্র জানায়, দুদকের অভিযানের খবর টের পেয়ে সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার শাহিনুজ্জামানসহ অন্যান্যরা গা ঢাকা দেন।

সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার শাহিনুজ্জামান জানান, আমি সকালে এসে সাইটে গেছিলাম। অফিসে ফিরেছি বিকেলের দিকে। তার আগে দুপুরের দিকে দুদকের টীম অফিসে এসেছেন। একটি রাস্তার অনিয়ম দেখার জন্যই অফিসে দুদকের টীম এসেছে বলে জানান তিনি।

দুদকের সহকারী পরিচালক নীল কমল পাল জানান, মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের বিভিন্ন কাজে অনিয়মের অভিযোগ পেয়ে অভিযান পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন কাজের নথিপত্র কতৃপক্ষকে দেওয়ার জন্য বলা হয়েছে। নথিপত্র পরীক্ষ-নিরীক্ষার পর কোনো কিছু পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সাংবাদিক কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৮৯ তম জন্মবার্ষিকী পালন

কুষ্টিয়ার কুমারখালীতে গ্রামীণ সাংবাদিকতার জনক কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে ‘নারী শিক্ষার অগ্রায়ণে কাঙ্গাল হরিনাথ মজুমদারের ভূমিকা’ শীর্ষক আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২০ জুলাই) দুপুরে কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর মিলনায়তনে কর্মসূচির অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ জাদুঘরের সচিব গাজী মো. ওয়ালি উল হক। মূখ্য আলোচক ছিলেন কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর শিশির কুমার রায়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমারখালী সরকারি কলেজের প্রভাষক মাসুদ রানা, কবি ও সাহিত্যিক সোহেল আমিন বাবু, কুমারখালী সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের এক্সপ্লোরেশন অফিসার ওবায়দুল্লাহ।

এসময় কুমারখালী শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক কামরুজ্জামান আইয়ুব, কবি ও নাট্যকর লিটন আব্বাস, কবি আব্দুস সাদিক সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কালজয়ী এই সাংবাদিক ১২৪০ সালের ৫ই শ্রাবণ (ইংরেজি ১৮৩৩) কুষ্টিয়া

জেলার কুমারখালী শহরের কুণ্ডুপাড়ায় বাবা হলধর মজুমদার ও মা কমলিনী দেবীর সংসারে জন্মগ্রহণ করেন। ৬৩ বছরের জীবনকালে তিনি সাংবাদিকতা, আধ্যাত্ম সাধন, সাহিত্যচর্চাসহ নানাধরনের সামাজিক আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত হন। মূলত তিনি ছিলেন, সাংবাদিকতা পেশার একজন সংগ্রামী মানুষ।

সাংবাদিক কাঙাল হরিনাথ ছিলেন অত্যাচার ও জুলুমের বিরুদ্ধে আপসহীন। তৎকালীন সময়ে তিনি (১৮৫৭ সাল) প্রাচীন জনপদ কুমারখালীর নিভৃত গ্রাম থেকে হাতে লেখা পত্রিকা মাসিক গ্রামবার্তা প্রকাশিকা প্রকাশ করেন। তিনি গ্রামবার্তা প্রকাশিকায় ইংরেজ নীলকর, জমিদার ও শোষক শ্রেণির অত্যাচার, জুলুম, ধর্মান্ধতা, কুসংস্কার ও সামাজিক কু-প্রথার বিরুদ্ধে খবর প্রকাশ করেন।

ইবিতে অস্ত্রসহ আটক ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অস্ত্রসহ আটক ছাত্রলীগ কর্মীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ছাড়া এ নিয়ে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম আলী হাসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

অভিযুক্ত ছাত্রলীগ কর্মী আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী রেজওয়ান সিদ্দিকী কাব্য। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ নেতা শাহজালাল সোহাগ গ্রুপের কর্মী বলে জানা গেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ওই ছাত্রের ব্যাপারে বিস্তারিত তথ্য উৎঘাটনপূর্বক রিপোর্ট পেশ করার জন্য দেশরত্ন শেখ হাসিনা হলের প্রভোস্ট অধ্যাপক ড. শামসুল আলমকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার আলীবর্দী খানকে সদস্য সচিব ও সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট অধ্যাপক ড. আসাদুজ্জামানকে কমিটির সদস্য হিসেবে রাখা হয়েছে। এ ছাড়াও ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে মামলা গ্রহণ

করে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এর আগে গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তন থেকে তাঁকে দেশীয় অস্ত্রসহ আটক করে পুলিশ। এর আগে বিকেলে তিনি তাঁর সহযোগীদের নিয়ে অস্ত্রসহ ক্যাম্পাসে মহড়া দেন এবং ইবি সিকিউরিটি অফিসার আব্দুস সালাম সেলিম ও সাংবাদিকদের অস্ত্র নিয়ে খুঁজে বেড়ান।

পরে সন্ধ্যা সাড়ে ৭টায় প্রেস কর্নারে এসে সাংবাদিকদের হুমকি দেন তাঁরা। তাৎক্ষণিকভাবে প্রক্টরিয়াল বডি ও পুলিশকে খবর দেওয়া হলে প্রক্টরিয়াল বডি এসে তাঁকে পুলিশের কাছে সোপর্দ করে। এ সময় তাঁর বাকি তিনজন সঙ্গী ঘটনাস্থল থেকে পালিয়ে যান।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম বলেন, ‘বিষয়টি অত্যন্ত দুঃখজনক। আমরা জানা মাত্রই তাঁকে সাময়িকভাবে বহিষ্কার করেছি। তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। এ ছাড়াও মামলার কাজ চলমান রয়েছে।

উল্লেখ্য, গত সোমবার (১৮ জুলাই) রাতে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কে ছিনতাইয়ের ঘটনা ঘটায় এই কাব্য। ড্রাইভারকে ছুরি দেখিয়ে দশ হাজার টাকা দাবি করেন তিনি। টাকা দিতে অস্বীকৃতি জানালে ড্রাইভার ও তাঁর সহকারীকে মারধর করে মানিব্যাগ থেকে পাঁচ হাজার টাকা নিয়ে নেন তাঁরা।

কুষ্টিয়ায় অবৈধ পলিথিন শপিংব্যাগ ব্যবহার: ব্যবসায়ীকে জরিমানা

কুষ্টিয়ায় নিষিদ্ধ ঘোষিত অবৈধ পলিথিন শপিং ব্যাগ বিক্রয় ও ব্যবহার বিরোধী অভিযানের অংশ হিসেবে ভ্রাম্যমান আদালতে অভিযান চালানো হয়েছে।